

# ব্যক্তিগত তথ্য পরিচিতি



Digital  
Literacy  
Center






আপা আপনি জানলেন  
কেমনে?



কমলাবানু  
তোমাকে না কত বার  
বলেছি কোনো ব্যক্তিগত  
তথ্য ফেসবুকে  
দিবে না




ও আচ্ছা। ভুইলাই গেছিলাম।



কেন?  
আমি তো তোমার  
বন্ধু তালিকায় আছি



ইশ!  
ভুলে আপা।



এখন বলো তুমি তোমার জাতীয় পরিচয়পত্রের  
ছবি ভুলে ফেসবুকে দিলে কেন?



এমন ভুল  
আর করা যাবে না  
কমলাবানু।

ঠিক আছে। আপা আপনি যদি একটু ক্লিয়ার করে বলে দিতেন ব্যক্তিগত তথ্য কোনগুলো তাহলে ভালো হতো।

শোনো

অনেক ধরনের তথ্য এবং মতামতই ব্যক্তিগত তথ্যের কাতারে পরে যা দিয়ে আসলে একজন ব্যক্তিকে আলাদা করে চেনা যায়।

ব্যক্তিগত তথ্য হচ্ছে পারিবারিক ও পরিচয় সংক্রান্ত তথ্য,

যেমন- নাম, স্বাক্ষর, ঠিকানা, ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, পাসপোর্ট নম্বর, জন্মদিন, ফিঙ্গার প্রিন্ট ইত্যাদি।

আবার জাতিগত পরিচয়, লিঙ্গ, রাজনৈতিক মতাদর্শ, ধর্মীয় বিশ্বাস, স্বাস্থ্য সংক্রান্ত তথ্য,

ব্যক্তিগত সম্পর্কের বিষয়ে তথ্য এগুলো হচ্ছে স্পর্শকাতর তথ্য।

এই তথ্যগুলো একজন ব্যক্তির পরিচয়ের বাইরেও চরিত্রায়নের জন্য জরুরি তথ্য।

আবার আর্থিক তথ্য হচ্ছে ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, টাকার পরিমাণ, পিন নম্বর, ব্যাংক স্টেটমেন্ট, লেনদেনের তথ্য ইত্যাদি।

এই তথ্যের সাথে একজন ব্যক্তির আয়-ব্যয়, আর্থিক লেনদেন, সম্পদের পরিমাণের মত বিষয়গুলো জড়িত।

আসলেই তো আপা এসব কথা মাইনসেরে জানামু কেন?

সেটাই বলছি।

তারপর শোনো, পেশা সংক্রান্ত তথ্য হচ্ছে চাকরি ক্ষেত্রে পদ, বেতন, পদোন্নতি সংক্রান্ত তথ্য।

এসব তথ্য সমাজে একজন ব্যক্তির অবস্থান ও ভূমিকার সাথে জড়িত বলে এগুলো খুব গুরুত্বপূর্ণ তথ্য।

আবার ছবি, ভিডিও, অডিও, লিখিত কোনো কন্টেন্ট, ই-মেইল এড্রেস, পাসওয়ার্ড, পিন নম্বর, মোবাইলের লোকেশনের তথ্য, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রোফাইলের লিঙ্ক ইত্যাদি হচ্ছে ডিজিটাল তথ্য।

ডিজিটাল মাধ্যম আমাদের জীবনের বেশ বড় একটা ফ্যাক্টর হয়ে যাওয়ার কারণে এই তথ্যগুলোও অনেক গুরুত্ব বহন করে।

আবার ধরো একজন মানুষ কেমন তা বোঝার জন্য যেসব তথ্য জানা প্রয়োজন সেগুলো হচ্ছে আচরণগত তথ্য।

যেমন একজন মানুষের কথার ধরন, অন্যদের সাথে ব্যবহার, মেজাজ, সভ্যতা-বোধ, শিষ্টাচার, সদাচার, চিন্তাভাবনা ইত্যাদি হচ্ছে আচরণগত তথ্য।

এছাড়া পছন্দ-অপছন্দ, ইচ্ছা-অনিচ্ছা, বিভিন্ন বিষয়ে আগ্রহের মত তথ্যগুলো একজন ব্যক্তিকে বোঝার জন্য খুব গুরুত্বপূর্ণ তথ্য।

বুঝলে তো?

হ বুঝছি আপা।

এখন থেকে সচেতন থেকে

আইচ্ছা আপা  
আপনারে ধন্যবাদ।